# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmsme@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২০-২১/ ১৬৩৯ (১২০০) তারিখঃ ২৬/১১/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান ও পুনঃঅর্থায়ন গ্রহন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার -১ ও ২ তারিখ যথাক্রমে ১৩/০৪/২০২০ ও ২৬/০৪/২০২০, ক্রেডিট বিভাগের পত্র সূত্র নং-১১২৩(১২৫০), ১১২৯(১২৫০) তারিখ যথাক্রমে ২৯/০৪/২০২০ ও ০৪/০৫/২০২০ এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার লেটারসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাত পুনরুজ্জীবিতকরণে সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে অত্র ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত ঋণের সর্বোচ্চ ৫০% বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন গ্রহনের সুযোগ রয়েছে। পাশাপাশি এ স্কীমের আওতায় ৪% হারে ঋণ বিতরণ করে অবশিষ্ট ৫% বাংলাদেশ ব্যাংকের নিকট হতে সুদ ভূর্তকী দাবি সাপেক্ষে গ্রহন করতে হবে। পুনঃঅর্থায়ন সুবিধা ও সুদ ভূর্তকী দাবি করে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকে প্রতিবেদন ও তথ্যাদি প্রেরণ করা হলেও নিম্নরুপ তথ্যগত অসঙ্গতি ও ঘাটতি থাকায় বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী যথাসময়ে প্রাপ্তিতে বিলম্ব ঘটছেঃ

ক) অধিকাংশ ঋণ মঞ্জুরীপত্রের বিষয়ে বা অন্য কোথাও এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় ঋণ মঞ্জুরী প্রদান করা হয়েছে মর্মে উল্লেখ না থাকা ;

খ) ব্যক্তির নামে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স গ্রহন পূর্বক ব্যক্তির নামেই ঋণ মঞ্জুরি দিয়ে মঞ্জুরীপত্র ইস্যু করা যা এসএমই ঋণ নীতিমালা মোতাবেক বিধিবহির্ভূত ;

গ) নীতিমালা মোতাবেক এ ঋণের সুদের হার সর্বোচ্চ ৯% হবে, এর মধ্যে ৪% ঋণ গ্রহিতা পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫% সরকার ভূর্তকী হিসাবে পরিশোধ করবে। এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ এ এবিষয়ে সুস্পষ্ট নির্দেশনা থাকলেও ঋণ মঞ্জুরীপত্রে শর্ত হিসাবে এ সংক্রান্ত কোন নির্দেশনা না থাকা এবং ঋণ হিসাবে ৪% এর বেশী সুদারোপ করা ;

ঘ) এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় বিতরনকৃত ঋণ মঞ্জুরীপত্রে ঋণ হিসাবের মেয়াদ ০১(এক) বছর এবং মেয়াদান্তে সুদসহ আদায়যোগ্য, যা নবায়নযোগ্য নয় মর্মে মঞ্জুরীপত্রে উল্লেখ না থাকা ;

ঙ) নতুন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে প্রাপ্ততা সীমার এবং ভোগরত ঋণের ক্ষেত্রে ভোগরত সীমার নির্ধারিত হার অনুসরনপূর্বক (এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ ও সার্কুলার লেটার নং-০৭/২০২০ মোতাবেক ) ঋণ মঞ্জুরি ও বিতরণ করতে হবে। অথচ ঋণ নবায়ন বা বর্ধিত মঞ্জুরি প্রদান পূর্বক এ খাতে প্রদর্শণ করা হচ্ছে ;

চ) একই প্রতিষ্ঠানের অনুকূলে ভোগরত ঋণ এবং এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় বিতরণকৃত ঋণের সুদের হার ভিন্ন হওয়া সত্বেও আলাদা হিসাব না খুলে একই হিসাবে পোষ্টিং দেয়া ;

ছ) এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ এবং ক্রেডিট বিভাগের পত্র সূত্র নং-১১২৩(১২৫০) এর অনুচ্ছেদ ০৮(খ) এ নিম্নরুপ উল্লেখ রয়েছে, "ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফাসহ ঋণ/বিনিয়োগের স্থিতি (Loan Outstanding) কোনভাবেই মঞ্জুরীকৃত ঋণসীমা অতিক্রম করতে পারবে না। তবে কোনো কারণে সুদ/মুনাফা আরোপের ফলে ঋণসীমা অতিক্রম করলে প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক তা পরিশোধিত/সমম্বিত হতে হবে"। অথচ শাখা কর্তৃক ত্রৈমাস শেষে ঋণ হিসাবের স্থিতি ঋণসীমার অতিরিক্ত থাকলেও সুদের টাকা আদায় না করে সুদ ভূর্তকী দাবি করা হচ্ছে যার ফলে বাংলাদেশ ব্যাংক/সরকারের নিকট হতে সুদ ভূর্তকী পাওয়া যাচ্ছে না ।

০৩। প্রনোদনার আওতায় মঞ্জুরীকৃত ঋনসমূহের জন্য নমুনা মঞ্জুরীপত্র সংযুক্তিতে প্রদান করা হলো।

০৪। এমতাবস্থায়, উপরোল্লিখিত তথ্যগত অসঙ্গতি ও ঘাটতিসমূহ নিরসন করে ঋণ মঞ্জুরি, বিতরণ ও ঋণ হিসাব পরিচালনা করতে হবে। এছাড়া এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় বিতরণকৃত ঋণের প্রতিবেদন, ত্রৈমাসিক সুদ ভূর্তকী প্রতিবেদন ও চাহিত তথ্যাদি যথানিয়মে প্রস্তুত করে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত সঠিকতার প্রত্যয়নসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ত্রৈমাস শেষে ঋণ হিসাবের স্থিতি ঋণসীমার অতিরিক্ত থাকলে সুদের টাকা পরবর্তী ৫ কর্মদিবসের মধ্যে আদায় করে সুদ ভূর্তকী প্রতিবেদন প্রেরণ করতে হবে। উপরোল্লিখিত তথ্য ঘাটতি ও অসঙ্গতির কারনে পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী সুবিধা না পাওয়া গেলে এর দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৫। **বিষয়টি অতীব জরুরী।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৬/১১/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

সংযুক্তিঃ মঞ্জুরীপত্রের নমুনা কপি।

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২১/ ১৬৬৭(১২-০৩) তারিখঃ ২৬/১১/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের প্রাইভেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৬/১১/২০২০
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
-----------শাখা।
--------- অঞ্চল।

<u>মঞ্জুরীপত্র (শাখা হতে ঋণ গ্রহিতা)</u>

নং: তারিখ:

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারনে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক মেসার্স ---------------- নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় -------------- টাকা বিশেষ চলতি মূলধন ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

প্রিয়মহোদয়,

আপনার -----------তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তাং-১৩/০৪/২০২০ মোতাবেক কোভিড-১৯ প্রার্দুভাবের কারনে ক্ষতিগ্রস্থ হওয়ায় ------------------ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এসএমই'র আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছর সময়কালের জন্য -------- লক্ষ টাকা বিশেষ চলতি মূলধণ ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছেঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | সুযোগ সুবিধার ধরণ | ঃ | নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারনে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক প্রনোদনা প্যাকেজের আওতায় বিশেষ চলতি মূলধন ঋণ। |
| ২। | মঞ্জুরীর বিভাজন | ঃ | দায়-বন্ধকিতে ----------- লক্ষ টাকা। |
| ৩। | মোট টাকা | ঃ | দেশীয় মুদ্রায় ------------- লক্ষ টাকা। |
| ৪। | ঋণ মার্জিন অনুপাত | ঃ | ------ ঃ ----------। |
| ৫। | সংগ্রহপদ্ধতি | | |
| ৬। | জামানত/ সহায়তজামানত | | এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বন্ধক থাকবে। |
| ৭। | জামানত / সহায়ক জামানতের উপর চাজ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে। |
| ৮। | দলিল সম্পাদন | ঃ | সংযুক্তি 'ক' মোতাবেক। |
| ৯। | সুদের হার | ঃ | বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৯.০০%। ৪.০০% হারে ধার্যকৃত সুদ ঋণগ্রহিতা পরিশোধ করবেন এবং অবশিষ্ট ৫.০০% সরকার হতে ভর্তুকী হিসাবে দাবীপূর্বক গ্রহন করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপ পূর্বক পরবর্তী মাসের ০৫ কর্মদিবসের মধ্যে তা আদায় করতে হবে। ঋণ হিসাবটি মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে আরোপযোগ্য ৯% সুদের টাকা ঋণগ্রহিতার নিকট হতে আদায়যোগ্য হবে। |
| ১০। | পরিশোধ পদ্ধতি | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়ম মোতাবেক। ত্রৈ-মাসিক ভিত্তিতে সুদারোপের হলে ত্রৈমাস শেষে ঋণ হিসাবের স্থিতি ঋণসীমার অতিরিক্ত থাকলে সুদের টাকা পরবর্তী ৫ কর্মদিবসের মধ্যে আদায় করতে হবে। মেয়াদান্তে সুদসহ সমুদয় পাওনা আদায়যোগ্য, যা নবায়নযোগ্য নয়। |
| ১১। | আহরণ পদ্ধতি | ঃ | |
| ১২। | বীমা | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে করিতে হইবে। |
| ১৩। | ঋণ তত্ত্বাবধান/পরিধারণ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১৪। | ঋণ পরিশোধ | ঃ | এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক। |
| ১৫। | অন্যান্য শর্তাবলী | ঃ | সংযুক্তি 'ক' মোতাবেক। |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নূতন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষন করে। উল্লেখিত শর্তসমূহ আপনার নিকট গ্রহনযোগ্য হলে মঞ্জুরীপত্রের কপিতে "পড়িয়া বুঝিলাম এবং শর্তসমূহ পরিপালনের জন্য স্বীকারোক্তি করিলাম" লিখে স্বাক্ষর প্রদান করতঃ আগামী ------------ তারিখের মধ্যে শাখার নিকট ফেরত পাঠাইতে হবে।

আপনারবিশ্বস্ত

(স্বাক্ষর)
নামঃ
পদবীঃ
কর্মস্থলঃ

সংযুক্তি-'ক'

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------শাখা।

---------- অঞ্চল।

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারনে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক মেসার্স ---------------- নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এসএমই খাতে প্রনোদনা প্যাকেজের আওতায় -------------- টাকা বিশেষ চলতি মূলধন ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

**চলতি মূলধন/নগদ পুঁজি ঋণের বিশেষ শর্তাবলী ঃ**

(ক) প্রতিষ্ঠানের নাম ও অবস্থান ঃ

(খ) জামানত/সহযোগী জামানত ঃ

(১) প্লেজ/হাইপোথিকেশন;

(২) বন্ধকী দলিল (এল,এফ-১৩) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতী সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প/প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;

(৩) হলফনামা (এল,এফ-৯);

(৪) পাওয়ার অব এটর্নী, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;

(৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমি বন্ধক নেয়া হলে;

(৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরনপত্র (এল,এফ-৪৪);

(৭) আইন বিভাগের পত্র নং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরন ও দলিলায়ন সম্পাদন করতে হবে।

(গ) দলিলপত্র সম্পাদন (Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

(১) ডি পি নোট একক ও যৌথভাবে;

(২) লেটার অব কনটিনিউটি (এলএফ-৬০ই);

(৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);

(৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);

(৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষনা (পৃথক পৃথক ভাবে);

(৬) ঋণ হিসাবের স্থিতি নিশ্চয়নপত্র;

(৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহনের জন্য রেজুলেশন (কোম্পানী/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৯) এগ্রিমেন্ট ফর ক্যাশ ক্রেডিট

ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);

খ) হাইপোথিকেশন অব ডেট্স এন্ড এ্যাসেট্স (এলএফ-৬০ডি);

(১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংগীকারনামা;

(১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষনা;

(১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পন পত্র;

(১৩) লেটার অব ডিসক্লেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;

(১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);

(১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে);

(১৬) সম্মতিপত্র (Letter of Acceptance);

(১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

(ঘ) অপারেশন পরিপত্র নং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাস্ক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবে এবং ভবিষ্যতে ঋণ প্রস্তাবের সাথে অবশ্যই টাস্কফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।

(ঙ) পরিদর্শন ঃ হাইপোথিকেটেড পন্য নিয়মিতভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(চ) অন্যান্য শর্তাবলী ঃ

(১) বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৯.০০%। ৪.০০% হারে ধার্যকৃত সুদ ঋণগ্রহিতা পরিশোধ করবেন এবং অবশিষ্ট ৫.০০% সরকার হতে ভূর্তকী হিসাবে দাবীপূর্বক গ্রহন করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপ পূর্বক পরবর্তী মাসের ০৫ কর্মদিবসের মধ্যে তা আদায় করতে হবে। ঋণ হিসাবটি মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে ৯% হারে সমুদয় সুদের টাকা ঋণগ্রহিতার নিকট হতে আদায়যোগ্য হবে;

(২) ঋণের মেয়াদ প্রথম বিতরণের তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে। আলাদা ঋণ হিসাব খুলে দলিলায়নের মাধ্যমে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। ঋণটি মেয়াদপূর্তিতে সুদসহ পরিশোধযোগ্য, যা নবায়নযোগ্য নয়। ঋণের চক্রায়ন --- দিন;

(৩) এ ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ নীতিমালা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নিয়মাচার আরোপযোগ্য হবে;

(৪) পূর্বানুমান প্রতিবেদন (এল.এফ-৫) মোতাবেক জামানতি সম্পত্তির স্বত্ব ও মূল্য নির্ধারণ নিশ্চিত হয়ে যথাযথভাবে বন্ধক গ্রহনপূর্বক মঞ্জুরীকৃত ঋণ বিতরণযোগ্য হবে;

(৫) প্রতিষ্ঠান, সহযোগী প্রতিষ্ঠান এবং কোম্পানীর পরিচালকদের নামে হালনাগাদ ক্লিন সিআইবি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট/স্থানীয় ব্যাংক শাখাসমূহ হতে দায়-দেনার প্রত্যয়নপত্র গ্রহন সাপেক্ষে প্রতিষ্ঠান/সহযোগী প্রতিষ্ঠান/কোম্পানীর পরিচালকদের নামে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে অনিয়মিত/শ্রেণীকৃত ঋণ নেই মর্মে নিশ্চিত হয়ে এ ঋণ বিতরণ করতে হবে;

(৬) বিবেচ্য প্রতিষ্ঠানের চলতি মূলধনের চাহিদা যথাযথভাবে নিরূপন করা হয়েছে মর্মে শাখা কর্তৃক নিশ্চিত হতে হবে। এছাড়াও ঋণ মার্জিন অনুপাত ---------- অনুসরণপূর্বক বিবেচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ বিতরন ও পরবর্তীতে মনিটরিং করতে হবে;

(৭) প্রধান কার্যালয়ের আইন বিভাগের ০৩/০৯/২০১৪ তারিখের পত্র নং প্রকা/আইন-৭৯৫(অংশ-১)/২০১৪-১৫/১৪১(১১৫০) এর নির্দেশনা অনুসরণ পূর্বক বন্ধকী দলিল সম্পাদনের পূর্বে প্রস্তাবিত জামানতি সম্পত্তি সাব-রেজিস্ট্রি অফিস হতে তল্লাশি পূর্বক দায় মুক্তির সনদপত্র গ্রহণ করতে হবে এবং বন্ধকী জমির সীমানা চিহ্নিত কাগজপত্র নথিতে সংরক্ষন করতে হবে;

(৮) প্রকল্প/প্রতিষ্ঠানের এবং বন্ধকী সম্পত্তির দৃশ্যমান স্থানে "বাংলাদেশ কৃষি ব্যাংক, ------------ শাখায় দায়বদ্ধ" মর্মে সাইনবোর্ড লাগাতে হবে;

(৯) প্রদানকৃত জামানত ও বন্ধকীতে প্রদত্ত পন্যের বাজার মূল্যের সাথে ১০% যোগ করে সকল প্রকার ঝুঁকির বিপরীতে ব্যাংক ও উদ্যোক্তার যৌথনামে ব্যাংক বিধি মোতাবেক উদ্যোক্তার খরচে কম্প্রিহেনসিভ বীমা করতে হবে। এক্ষেত্রে অপারেশন পরিপত্র ৮৪/৯৫ তারিখ ০৪/০৯/১৯৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে;

(১০) এ ঋণের ক্ষেত্রে বিধি মোতাবেক সকল প্রকার চার্জ/ফি আদায় করতে হবে। এছাড়াও মেয়াদপূর্তীর পূর্বে ঋণ হিসাব বন্ধ/অবসায়ন করা হলে পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-১৪/২০১৩ তারিখ ২০/১১/২০১৩ এর নির্দেশনা মোতাবেক ২% হারে Early Settlement Fee আদায় করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(১১) এসএমই পরিপত্র নং-২৬/২০১০ তারিখঃ ৩০.১১.২০১০ এর নীতিমালা এবং চলতি মূলধন/নগদ পূঁজি ঋণ সংক্রান্ত ব্যাংকের বর্তমানে প্রচলিত এবং ভবিষ্যতে জারীতব্য সকল নিয়মাচার যথারীতি আরোপযোগ্য হবে;

(১২) এছাড়াও প্রযোজ্য অন্যান্য শর্তাবলী (যদি থাকে)।

কর্মকর্তা　　　　　　　　ব্যবস্থাপক